

W.B. HUMAN RIGHTS  
COMMISSION  
KOLKATA-27

File No. 19/ WBHRC/SMC/2019

Date: 14.02.2019

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika', a Bengali daily dated 13.02.2019, the news item is captioned 'স্টোনম্যান -এর কায়দায় মাথা খেঁতলে খুন'.


Deputy Commissioner of Police, South Division is directed to enquire into the matter and to furnish a report by 25<sup>th</sup> March, 2019.



(Justice Girish Chandra Gupta)  
Chairperson



(Napanarajit Mukherjee)  
Member



(M.S. Dwivedy)  
Member

# ‘স্টোনম্যান’-এর কায়দায় মাথা থোঁতলে খুন

## নিজস্ব সংবাদদাতা

ভোরের ময়দানে টহল দিচ্ছিলেন কয়েক জন পুলিশকর্মী। হঠাৎ তাঁরা খেয়াল করেন, একটি গাছের আড়ালে কেউ শুয়ে আছেন। কাছে গিয়ে তাঁরা দেখেন, রক্তাক্ত অবস্থায় উপুড় হয়ে পড়ে রয়েছেন বছর তিরিশের এক মহিলা। মাথার এক দিক ধোঁতলানো। পরনের শাড়ি অবিদ্যমান। একটু দূরে পড়ে রয়েছে রক্তে মাখা একটি পাথর। পাশে গাছের ঠুঁড়িতে লেগে রয়েছে রক্ত ও মাথার ঘিলু।

লালবাজার জানিয়েছে, মঙ্গলবার সকালে ওই পুলিশকর্মীদের কাছ থেকে খবর পেয়ে ময়দান খানার তদন্তকারীরা রাগবি মাঠের উত্তর দিক থেকে ওই মহিলার দেহ উদ্ধার করেন। এ দিন বিকেল পর্যন্ত মৃত্যুর পরিচয় জানতে পারেনি পুলিশ। প্রাথমিক ভাবে পুলিশের অনুমান, ওই মহিলা ছিলেন ভবঘুরে। রাতে ময়দানের ওই এলাকাতেই ঘুমিয়ে পড়েছিলেন। সেই সময়ে ‘স্টোনম্যান’-এর কায়দায় কোনও দুকৃতী পাথর দিয়ে মাথায় আঘাত করে তাঁকে খুন করেছে। ময়না-তদন্তের প্রাথমিক রিপোর্টও বলছে, ভারী ও ভোঁতা কোনও অস্ত্র দিয়েই ওই মহিলার মাথায় আঘাত করা হয়েছিল। মৃত্যুর দেহেও বেশ কয়েকটি আঘাতের চিহ্ন রয়েছে। তবে খুন হওয়ার আগে ওই মহিলা যৌন নির্যাতনের শিকার হয়েছিলেন কি না, তা এখনও জানা যায়নি। দেহ উদ্ধারের পরেই ওই এলাকা থেকে পুলিশ এক জনকে আটক করেছে। এক তদন্তকারী অফিসার বলেন, “রাগবি মাঠের উত্তর দিকের পুকুরের কাছ থেকে ওই ব্যক্তিকে আটক করা হয়েছে। তাঁর পরনের জুপিতে রক্তের দাগ মিলেছে। অসংলগ্ন কথা বলছিলেন ওই ব্যক্তি।”

পুলিশ সূত্রের খবর, নব্বইয়ের দশকে কলকাতার ফুটপাতে ঘুমন্ত অবস্থায় পাথর দিয়ে আঘাত করে খুন করার একাধিক ঘটনা ঘটেছিল। রহস্যময় সেই খুনি বা খুনির দল লোকের মুখে আজও ‘স্টোনম্যান’ নামে পরিচিত। প্রায় পনেরোটির মতো ঘটনায় দেখা যায়, একই ভাবে পাথর দিয়ে মাথা ধোঁতলে খুন করা হয়েছে ফুটপাতে শুয়ে থাকা ব্যক্তিকে। কিন্তু লালবাজার ওই রহস্যের উদঘাটন করতে পারেনি।

সম্প্রতি ময়দান এলাকার গঙ্গাসাগর মাঠের ধার থেকে উদ্ধার হয়েছিল দু’বছরের একটি শিশুর

মৃতদেহ। তদন্তে জানা যায়, ওই শিশুর বাবাই তাকে পাথর দিয়ে ধোঁতলে মেরেছিল। অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। এখন পুলিশি হেফাজতেই রয়েছে সে। শিশু খুনের কিনারা হলেও বছর দু’য়েক আগের দু’টি খুনের ঘটনায় এখনও অধরা অভিযুক্তেরা। দু’টি ঘটনাতেই অন্যত্র খুন করে ময়দানের নির্জন এলাকায় রাতের অন্ধকারে দেহ ফেলে গিয়েছিল দুকৃতীরা। ২০১৬ সালের অগস্টে দ্বিতীয় হুগলি সেতুর নীচে মাছের ড্রাম থেকে এক যুবকের দেহ মেলে। ওই বছরেরই নভেম্বরে উট্টাম রোডে উদ্ধার হয়েছিল এক মহিলার দেহ। দু’টি ঘটনাতেই খুনের কিনারা তো দূর,

## টেন্ডার



INDIAN INSTITUTE OF  
ENGINEERING SCIENCE  
AND TECHNOLOGY, SHIBPUR  
Howrah - 711 103

(An Institute of National Importance  
under MHRD, Govt. of India)

Advt. No. FE/RO/19/34

Date: 12.02.2019

Sealed quotations are invited from  
bonafide Contractors for  
Emergent painting of Centre for  
Green Energy. For details please  
visit: [www.iiests.ac.in](http://www.iiests.ac.in). Last Date:  
20.02.2019 upto 4 p.m.

Registrar



ইস্ট সেন্ট্রাল রেলওয়ে



ওপেন টেন্ডার নোটিস নং এমসি-  
মেকানাইজড সিএলজি-আরজিডি-  
১৮-১৯, তাং ০৭.০২.১৯

ভারতের রাষ্ট্রপতির পক্ষে ডিভিশনাল রেলওয়ে  
ম্যানেজার, ই.সি. রেলওয়ে, দানাপুর কর্তৃক নিয়ন্ত্রিত  
কাজ হাতে লওয়ার জন্য রেলওয়ে/ইরিগেশন/  
সিপিডব্লিউ/এমইএস অথবা অন্য কোনও সরকারি  
ক্ষেত্রে কর্মরত/রেজিস্টার্ড-সহ অভিজ্ঞ, আর্থিক  
সামর্থ্যের অধিকারী প্রখ্যাত ঠিকাদারদের নিকট হইতে  
আইরেপস পোর্টালে দুই প্যাকেট সিস্টেম অধীন  
অনলাইন ওপেন টেন্ডার আহ্বান করা হইতেছে:

কাজের নাম তৎসহ উদ্ধার স্থান: ০৪ বংসরের জন্য  
আরজিডি ভিপোতে ট্রেনের কোচের মেকানাইজড  
ক্রিনিং, কাজের অর্নুৎ ষায়: টাঃ  
৫.৯০.৬১.৫৪৬/৫৭ (পাঁচ কোটি নব্বই লক্ষ  
একটি হাজার চেষ্টারিশ টাকা সাতার পয়সা),  
বায়ের ষায়নার পরিমাণ: টাঃ ৪.৪৫.৩০০ (চার লক্ষ  
পঁয়তাল্লিশ হাজার তিনশত টাকা); টেন্ডার দাখিলের  
তারিখ ও সময় এবং টেন্ডার খোলা: টেন্ডার  
দাখিলের তারিখ ও সময়: ০৫.০৩.২০১৯ বেলা  
১২টা পর্যন্ত [www.irps.gov.in](http://www.irps.gov.in)-তে. টেন্ডার খোলার  
তারিখ ও সময়: ০৫.০৩.২০১৯ বেলা ১২.৩০টার  
[www.irps.gov.in](http://www.irps.gov.in)-তে। ওয়েবসাইটের বিবরণ এবং